**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চতর মাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল এবং মাদ্রাসা আলিম পরীক্ষার ফলাফল আগামী ২৪শে মে প্রকাশ করা হবে ।**

**(২) আগামী চৌঠা জুন লোকসভা নির্বাচনের ভোট গণনার জন্য রাজ্যেও প্রস্তুতি চলছে ।**

**(৩) অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ে আটটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে মোট ৯০৪ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন।**

**(৪) সদরের আন্তঃ স্কুল ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে হলিক্রস স্কুল ও প্রগতি বিদ্যাভবন।**

****************************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চতর মাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল এবং মাদ্রাসা আলিম পরীক্ষার ফলাফল আগামী ২৪শে মে প্রকাশ করা হবে। ঐদিন বেলা ১২টায় পর্ষদের মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে পর্ষদ

সভাপতি ধনঞ্জয়গণ চৌধুরী ফলাফল প্রকাশ করবেন। আজ মধ্যশিক্ষা পর্ষদের থেকে এক বিবৃতিতে পর্ষদ সচিব ড: দুলাল দে এই খবর জানিয়েছেন।

****************************

**CEO Visit :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ভোট গণনার জন্য রাজ্যে বিভিন্ন প্রস্তুতি চলছে। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক পুনিত আগরওয়াল আজ বিকেলে আগরতলার উমাকান্ত একাডেমি গননা কেন্দ্র পরিদর্শন করেন। তাঁর সঙ্গে ছিলেন, পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার তথা জেলা শাসক ডাঃ বিশাল কুমার। মুখ্য নির্বাচন আধিকারীক গননা কেন্দ্রের পরিকাঠামো, ষ্ট্রং রুমগুলির নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণ করেন।

***************************

**Counting-East Tripura PC :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে ভোট গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এই আসনের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ এ আজ সাংবাদিকদের একথা জানান। তিনি জানান, আজ আমবাসার রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে গণনা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। পাশাপাশি তিনি বলেন, গণনা নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে এখন পর্যন্ত যে সমস্ত বিষয় উত্থাপন করা হয়েছে তার সবগুলি যথাযথভাবে সুরাহা করা হয়েছে।

******************************

**Counting Process :**

নির্বাচন কমিশনের নির্ঘন্ট অনুসারে, আগামী চৌঠা জুন লোকসভা নির্বাচনের ভোটগণনাপর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে করার লক্ষ্যে ঊনকোটি জেলাতে জোর প্রশাসনিক প্রস্তুতি চলছে। ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ এক সাক্ষাৎকারে জানান, ঊনকোটি জেলার জনরায়বন্দী E.V.M গুলির ভোটগণনা করা হবে কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের গননাকেন্দ্রে। এখানে থাকবে চারটি গননাহল। প্রতিটি হলে থাকবে বারোটি করে গননা টেবিল। উল্লেখ্য যে, ঊনকোটি জেলার জনরায়বন্দী E.V.M গুলি বর্তমানে কড়া প্রহরায় কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের স্ট্রং রুমে মজুত রয়েছে। এদিকে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে ভোটগণনাকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কাউন্টিং সুপারভাইজার, কাউন্টিং এসিষ্টেন্ট ও মাইক্রো-অবজারভার সবমিলিয়ে ৯০ জন আজ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন।

*****************************

**Training for counting staff :**

সোনামুড়া টাউন হলে আজ লোকসভা নির্বাচনের ভোট গণনা কর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন সোনামুড়া মহকুমার ৪টি বিধানসভা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত গণনা কর্মীরা। সোনামুড়ার মহকুমা শাসক অরূপ দেব জানিয়েছেন ৪টি বিধানসভা কেন্দ্রের জন্য সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের গণনাকেন্দ্রে ৪টি পৃথক কাউন্টিং হল তৈরী করা হচ্ছে। প্রতিটি হলের ১০টি করে টেবিলে হবে ভোট গণনার

কাজ। প্রতি টেবিলে থাকবেন ৩ জন করে গণনা কর্মী। তার বাইরেও রিজার্ভে গণনা কর্মীরা থাকবেন। এই গণনা কর্মীদের আজ প্রথম পর্যায়ের প্রশিক্ষণ প্রদান করেন জেলা পর্যায়ের মাস্টার ট্রেইনার সুব্রত দেবনাথ। উল্লেখ্য সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের স্ট্রং রুমে রয়েছে লোকসভা নির্বাচনের সোনামুড়া মহকুমাধীন বক্সনগর, নলছড়, সোনামুড়া ও ধনপুর বিধানসভা ভিত্তিক EVM বন্দি জনরায়।

*************************

**COUNTING-TRAINING :**

ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে আজ অষ্টাদশ লোকসভার ভোট গণনা উপলক্ষে মহকুমার চারটি বিধানসভা কেন্দ্রের গণণা কর্মীদের এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। মোট ১৫৯ জন কাউন্টিং সুপারভাইজার, কাউন্টিং অ্যাসিস্ট্যান্ট, এবং মাইক্রো অবজারভারকে প্রশিক্ষণ দেওয়া হয়। উপস্থিত ছিলেন এই চারটি কেন্দ্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার শ্যামজয় জমাতিয়া, সজল দেবনাথ, সুভাষ সাহা, এবং কমলেশ ধর।

******************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ উজ্জয়ন্ত প্রাসাদে সরকারী মিউজিয়াম পরিদর্শন করেন। সেখানে আন্তর্জাতিক যাদুঘর দিবস উপলক্ষ্যে আয়োজিত এক সেমিনারে অংশ গ্রহণ করেন তিনি। পরে সন্ধ্যায় সেখানে আলো ও ধ্বনি প্রদর্শনী উপভোগ করেন।

*****************************

**Bio Diversity Day :**

আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবস উপলক্ষে আজ ত্রিপুরা জৈব বৈচিত্র্য পর্ষদের উদ্যোগে আজ আগরতলার টিএফডিসি কনফারেন্স হলে এক আলোচনা চক্রের আয়োজন করা হয়। আলোচনা চক্রে উপস্থিত ছিলেন পর্ষদের সদস্য সচিব দীপা ডি নায়ার, ত্রিপুরা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ড. কে শশীকুমার, ত্রিপুরা কৃষি কলেজের অধ্যক্ষ ডঃ দেবাশীষ সেন। এছাড়াও বন দপ্তর, কৃষি দপ্তরের কর্মী ও আগরতলার বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা।

আলোচনায় পর্ষদের সদস্য সচিব দীপা ডি নায়ার বলেন, বিশ্ব জুড়ে জৈব বৈচিত্র্য রক্ষা করার জন্য নানা উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ভারত বিশেষ করে ত্রিপুরা রাজ্যেও জৈব বৈচিত্র রক্ষা করার জন্য অনেক কাজ করা হচ্ছে। বিশেষ করে রাজ্যে প্রাকৃতিক ভাবে যে সব মূল্যবান গাছ রয়েছে তা রক্ষা ও সংরক্ষনের জন্য নানা পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উপস্থিত অতিথিরা গাছের চারা রোপন করেন। দ্বিতীয় পর্বে বিশেষজ্ঞরা জৈব বৈচিত্র্য দিবস ও জৈব বৈচিত্র্য রক্ষার বিভিন্ন বিষয়ে আলোচনা করেন।

***************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন

আকাশবাণী নিউজ আগরতলা /  ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

*******************************

**Election, 7th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম পর্যায়ে আটটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল থেকে মোট ৯০৪ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। নির্বাচন কমিশন জানিয়েছে, পয়লা জুন ৫৭টি সংসদীয় আসনে অনুষ্ঠেয় ভোটের জন্য মোট ২ হাজার ১০৫টি মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। মনোনয়নপত্রগুলি পরীক্ষা করার পর  ৯৫৪টি মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে। পাঞ্জাবে সর্বাধিক সংখ্যক মনোনয়ন জমা পড়েছে। সেখানে ৫৯৮ জন প্রার্থী ১৩টি সংসদীয় আসনের জন্য মনোনয়ন জমা দিয়েছেন। এর পরেই উত্তরপ্রদেশে ১৩টি সংসদীয় আসনের জন্য ৪৯৫টি মনোনয়নপত্র জমা পড়েছে। নির্বাচনের এই শেষ পর্বে উত্তরপ্রদেশ ও পাঞ্জাবের তেরোটি করে, পশ্চিমবঙ্গের নয়টি, বিহারের আটটি, ওড়িশার ছয়টি, হিমাচল প্রদেশের চারটি, ঝাড়খণ্ডের তিনটি এবং কেন্দ্রশাসিত চণ্ডীগড়ের একটি আসনে নির্বাচনে হবে। সব পর্যায়ের ভোট গণনা হবে চৌঠা জুন।

**************************

**Election Campaign :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের বাকি দুটি পর্যায়ের জন্য প্রচার এখন তুঙ্গে। কংগ্রেস নেতা রাহুল গান্ধি আজ হরিয়ানার মহেন্দ্রগড়-ভিওয়ানি সংসদীয় ক্ষেত্রের চরখি দাদরিতে এক নির্বাচনী জনসভায় ভাষণ দেন। তিনি সরকারের অগ্নিবীর প্রকল্পের

সমালোচনা করেন। তিনি দাবি করেন ইন্ডিয়া ব্লক ক্ষমতায় এলে এই প্রকল্প বাতিল করা হবে। তিনি কৃষকদের ঋণ প্রদান এবং ফসলের ন্যূনতম সহায়ক মূল্যের বিষয়ে আইন প্রণয়নের প্রতিশ্রুতি দেন। তিনি দ্রব্যমূল্য বৃদ্ধিরও অভিযোগ করেন।

এদিকে, ভিওয়ানিতে বিজেপি'র বরিষ্ঠ নেতা প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এক নির্বাচনী রেলিতে রাহুল গান্ধীর সমালোচনা করেন। তিনি অবসরপ্রাপ্ত সৈনিকদের বিষয়ে পদক্ষেপ গ্রহণে কংগ্রেসের সমালোচনা করে বলেন, বিজেপি সরকার তাদের কল্যাণে কাজ করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তথা বরিষ্ঠ বিজেপি নেতা আগামীকাল মহেন্দ্রগড় ভিওয়ানিতে ভাষণ দেবার কথা রয়েছে।

****************************

**Buddha Purnima :**

আগামীকাল ২৫৬৮তম বুদ্ধ জয়ন্তী। এ উপলক্ষ্যে আজ ও আগামীকাল রাজ্যের বৌদ্ধ মন্দিরগুলিতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগামীকাল বুদ্ধমন্দিরস্থিত বেনুবন বৌদ্ধ বিহারে মূল অনুষ্ঠানটি হবে। সকালে প্রার্থনার মধ্য দিয়ে শুরু হবে অনুষ্ঠান। আগামীকাল সকালে বৌদ্ধ ধর্মাবলম্বীরা শহরে একটি শোভাযাত্রায় অংশ নেবেন। বিকেলে বৈশাখী বুদ্ধ পূর্ণিমা উৎসবের উদ্বোধন করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ গঙ্গাপ্রসাদ প্রসেইন, পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডাঃ বিশাল কুমার ও বৌদ্ধগয়ার বুদ্ধিস্ট থাই ভারত সোসাইটির সাধারণ সম্পাদক ডঃ রত্নেশ্বর ভান্তে প্রমুখ। আজ বুদ্ধমন্দিরস্থিত বেনুবন

বৌদ্ধ বিহারে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। তাছাড়া বেনুবন বৌদ্ধ বিহারের পক্ষ থেকে আজ সকালে আগরতলার অটল বিহারী আঞ্চলিক ক্যান্সার হাসপাতালে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে বেনুবন বৌদ্ধ বিহারকে।

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, বুদ্ধের প্রচারিত শান্তি, সম্প্রীতি ও অহিংসার বার্তা আজকের পৃথিবীতেও খুবই প্রাসঙ্গিক। বৌদ্ধ পূর্ণিমার এই উৎসব রাজ্যবাসীর জীবনে আনন্দ, খুশি, ভালবাসা ও সৌভ্রাতৃত্বের পরিবেশ বয়ে আনবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

***********************

**Buddha Purnima-South :**

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আজ দক্ষিন জেলার শান্তিরবাজার মহকুমার অলয়ছড়ায় জাতীয় মহাসড়ক পথচারীদের মধ্যে শরবত বিতরণ করা হয়। তাছাড়া সাব্রুম মহকুমার মনুবনকুলের মহামুনি এডিসি ভিলেজ এলাকার জনগণের মধ্যে মিষ্টি বিতরন করেন বৌদ্ধ ধর্মালম্বীরা।

**************************

**SFI DYFI-Sonamura :**

বামপন্থী চারটি ছাত্র-যুব সংগঠন SFI, TSU, DYFI ও TYF-এর উদ্যোগে আজ সোনামুড়া শহরে বিক্ষোভ মিছিল ও সভার আয়োজন করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা শেষে নেতাজি চৌমুহনীতে আয়োজিত সভায় বক্তব্য রাখেন DYFI-র

রাজ্য কমিটির সভাপতি পলাশ ভৌমিক, সম্পাদক নবারুণ দেব, সোনামুড়া মহকুমা সভাপতি মহম্মদ সেলিম ও সম্পাদক ইন্দ্রজিৎ সাহা। সভায় বক্তাগণ বিদ্যাজ্যোতি স্কুলগুলির ফলাফল আশানুরূপ না হওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেন। তারা বিদ্যাজ্যোতি স্কুলের ফী বাতিল করা ও স্কুলগুলিতে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগের জন্য দাবি জানান।

******************************

**Weekly awareness camp-Gomati :**

গোমতী জেলা হাসপাতালে আজ নাকের রক্তক্ষরণ শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গোমতী জেলা হাসপাতালের সাপ্তাহিক সচেতনতা মূলক আলোচনার অঙ্গ হিসেবে আয়োজিত এই সভায় বক্তৃতব্য রাখেন নাক কান গলা বিশেষজ্ঞ ডাক্তার সুকান্ত সাহা, মুখ্য জেলা স্বাস্থ্য আধিকারিক ডাক্তার কমল রিয়াং প্রমুখ। শ্রী রিয়াং জানান, আগামী সপ্তাহে মুখ গব্বরের চিকিৎসা বিষয় নিয়ে আলোচনা হবে।

*****************************

**Inter School Cricket :**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে হলিক্রস স্কুল ও প্রগতি বিদ্যাভবন। আজ আসরের দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত খেলায় হলিক্রস স্কুল ৬ উইকেটে হেনরি ডিরোজিও স্কুলকে পরাজিত করে। অপরদিকে, তালতলা মাঠে অনুষ্ঠিত খেলায় প্রগতি বিদ্যাভবন ৭৬ রানে শ্রীকৃষ্ণ মিশন স্কুলকে হারিয়ে দেয়।

সকালের বৃষ্টির কারণে কোয়ার্টার ফাইনালের অপর দুটি খেলা হয় নি। ওই দুটি ম্যাচ আগামীকাল হবে।

****************************

**Inter School Boy's Cricket-Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত আন্ত: স্কুল ক্রিকেট টুর্নামেন্টে ফাইনালে উঠেছে জোলাইবাড়ি দ্বাদশ স্কুল। আজ দ্বিতীয় সেমি ফাইনালে জোলাইবাড়ি দ্বাদশ স্কুল ৪১ রানে উত্তর তৈখামা দ্বাদশ স্কুলকে পরাজিত করে ফাইনালে উঠে।

**********************************************

**Cricket :**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে প্রতিযোগিতা শেষ দুটি ম্যাচে আজ ওল্ড প্লে সেন্টার ও চলমান সংঘ জয়লাভ করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চলমান সংঘ ২ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে। এদিকে এম বি বি স্টেডিয়ামে দিনের অপর খেলায় ওল্ড প্লে সেন্টার ২ উইকেটে কসমোপলিটান ক্লাবকে হারিয়ে দেয়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক দুই ডিগ্রি এবং সর্বনিম্ন বাইশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*********************************